

“উন্নয়নের অক্সিজেন রাজস্ব”

“জনকল্যাণে রাজস্ব”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টম হাউস, চট্টগ্রাম।

Web: www.chc.gov.bd E-mail: customhousectg@gmail.com

নথি নং-এস ১৫-২২/জেনারেল/লাইঃ/ইম্পাঃ/৭৯-৯২(অংশ-৩) 12200-477

তারিখ: ১৪/১১/২০১৯ খ্রিঃ

প্রেরক: কমিশনার অব কাস্টমস
কাস্টম হাউস, চট্টগ্রাম।

প্রাপক: সভাপতি/সাধারণ সম্পাদক

চিটাগাং কাস্টমস ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস এসোসিয়েশন
সিএন্ডএফ টাওয়ার (১৪ তলা), ১৭১২, শেখ মুজিব রোড
অগ্রাবাদ, চট্টগ্রাম।

বিষয়: প্রত্যেক আমদানিকারককে ১৩ ডিজিট বিশিষ্ট মূসক নিবন্ধন সংখ্যা গ্রহণ।

সূত্র: জাতীয় রাজস্ব বোর্ডের পত্র নং-০৮.০১.০০০০.০৬৮.১১.০০৫.১২(১০১)/২০১৭/০১৮, তারিখ: ২৯-০৯-২০১৯ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করা হলো।

- ২। সূত্রোক্ত পত্রে উল্লেখ করা হয়েছে যে, সকল সম্মানিত করদাতাগণকে পুরাতন ১১ অথবা ৯ ডিজিট বিশিষ্ট মূসক নিবন্ধন সংখ্যার পরিবর্তে ১৩ (একটি হাইফেনসহ ১৪ কারেক্টার সম্পন্ন) ডিজিট বিশিষ্ট নিবন্ধন সংখ্যা গ্রহণ করার জন্য জাতীয় দৈনিক পত্রিকাসমূহে গণবিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। ১৩ ডিজিট নিবন্ধন সংখ্যার প্রথম ৯ ডিজিট ব্যবসা সনাক্তকরণ সংখ্যা এবং এরপর একটি হাইফেন দিয়ে পরবর্তী ৪ ডিজিট অধিকৃত সনাক্তকরণ সংখ্যা যা ব্যবসা স্থলের ঠিকানা পরিবর্তনের সাথে পরিবর্তনশীল। নতুন নিবন্ধন সংখ্যা গ্রহণের সর্বশেষ সময়সীমা ছিল ১৪ আগস্ট ২০১৯ খ্রিঃ পর্যন্ত। কিন্তু উক্ত সময়সীমা উত্তীর্ণ হলেও বিভিন্ন কারণে একটি উল্লেখযোগ্য সংখ্যক করদাতা ১৩ ডিজিটের নিবন্ধন সংখ্যা গ্রহণ করতে সমর্থ হননি। পরবর্তীতে ১৩ ডিজিটের নিবন্ধন সংখ্যা গ্রহণের সময়সীমা জাতীয় রাজস্ব বোর্ড আগামী ৩০ নভেম্বর ২০১৯ খ্রিঃ তারিখ পর্যন্ত বৃদ্ধি করেছে।
- ৩। এমতাবস্থায়, উক্ত সময়সীমার মধ্যে আপনার এসোসিয়েশনভুক্ত সকল সদস্যের সাথে সম্পর্কিত আমদানিকারকগণকে ১৩ ডিজিটের (একটি হাইফেনসহ ১৪ টি কারেক্টার সম্পন্ন) নিবন্ধন সংখ্যা গ্রহণের জন্য অনুরোধকরণসহ উদ্ধৃদ্ধকরণের অনুরোধ করা হলো।

(মোঃ মাহবুবুর রহমান)
অ্যাসিস্ট্যান্ট কমিশনার অব কাস্টমস
কমিশনার অব কাস্টমসের পক্ষে।